234


দৈনিক সংবাদ

তারিখ ... 2 MAR 1998 ...
পৃষ্ঠা ... কলাম ...


ঢাকা বিশ্ববিদ্যালয়

# এলাকায় ভারি যান চলাচাল নিষিদ্ধ

(নিজস্ব বার্তা পরিবেশক)

ঢাকা বিশ্ববিদ্যালয় এলাকায় ভারি ও বাণিজ্যিক যানবাহিন চলাচল নিষিদ্ধ করা হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন প্রবেশ পথে পুলিশ ব্যারিকেড দিয়ে গত বৃহস্পতিবার রাত থেকে যানবাহন চলাচল নিয়ন্ত্রণ করে।

গত বৃহস্পতিবার নগরীর কাটাবন এলাকায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের একজন ছাত্রসহ ৫ জন সড়ক দুর্ঘটনায় নিহত হওয়ার পর বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ এ সিদ্ধান্ত নিয়েছে।

যানবাহন নিয়ন্ত্রণে ক্যাম্পাস এলাকায় গাড়ির সর্বোচ্চ গতিসীমা ২৫ মাইল বেধে দেয়া হয়েছে। বিশ্ববিদ্যালয়ের ৪টি পয়েন্ট নীলক্ষেত, পলাশি এলাকার দু'টি প্রবেশপথ ও টিএসসি'র রাজু ভাস্কর্যের সামনে ৪টি ট্রাফিক পুলিশ বক্স স্থাপন করা হবে। এছাড়া জাতীয় জাদুঘর, কাটাবন, এফএইচ হল ও শহীদুল্লাহ হলের সামনের রাস্তায় প্রয়োজনীয় গতিরোধক নির্মাণের ব্যবস্থা করবে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ।

ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি মার্কেটিং বিভাগের ছাত্র আবদুল মালেক-সহ ৫ জন সড়ক দুর্ঘটনায় নিহত হওয়ার ঘটনায় শোক প্রকাশ করেছে। তারা উচ্ছৃঙ্খল যানবাহন চালকদের বিরুদ্ধে কঠোর শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণের দাবি জানিয়েছেন।

ক্যাম্পাস এলাকা ভাঙচুর : গত বৃহস্পতিবার গভীর রাতে ছাত্ররা ঢাকা বিশ্ববিদ্যালয়ের একজন ছাত্রসহ ৫জন সড়ক দুর্ঘটনায় নিহত হওয়ার প্রতিবাদে গাড়ি ভাঙচুর করেছে। বৃহস্পতিবার রাত ১২টার দিকে নীলক্ষেত, পলাশি ও শহীদ মিনার এলাকায় ছাত্ররা ২০/২৫টি ট্রাক ও মিনিবাস ভাঙচুর করে। পুলিশ জগন্নাথ হলের কাছে ৩ রাউন্ড টিয়ারগ্যাস নিক্ষেপ করে।